প্রেস রিলিজ

তারিখ: ১০ নভেম্বর ২০২৬

বাউবির এইচএসসি পরীক্ষার ফল দ্রুত প্রকাশের লক্ষ্যে পরীক্ষা বিভাগ আকস্মিক পরিদর্শন করলেন উপাচার্য

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) এইচএসসি পরীক্ষা-২০২৬-এর ফলাফল দ্রুত প্রকাশের লক্ষ্যে সার্বিক প্রস্তুতি ও অগ্রগতি সরেজমিনে পর্যবেক্ষণ করেছেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান। আজ মঙ্গলবার (১০ নভেম্বর ২০২৬) দুপুরে তিনি বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা বিভাগ আকস্মিক পরিদর্শন করেন।

পরিদর্শনকালে উপাচার্য ফলাফল প্রকাশের কারিগরি ও প্রশাসনিক প্রস্তুতি সম্পর্কে খোঁজখবর নেন। পাশাপাশি ফলাফল প্রস্তুতের সার্ভার কক্ষসহ বিভাগের বিভিন্ন কক্ষ পরিদর্শন এবং সার্বিক নিরাপত্তাব্যবস্থা পর্যবেক্ষণ করেন। এ সময় তিনি বিদ্যমান সমস্যা ও সীমাবদ্ধতা, তা উত্তরণের প্রক্রিয়া, জনবলসংকট এবং পরীক্ষার শেষ দিন থেকে ফল প্রকাশ পর্যন্ত সময়ের পরিসংখ্যানভিত্তিক তথ্য প্রস্তুতের নির্দেশনা দেন। একই সঙ্গে সংশ্লিষ্ট সবাইকে সমন্বিতভাবে কাজ করে দ্রুত ফলাফল প্রকাশের জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের আহ্বান জানান।

এ সময় বিশ্ববিদ্যালয়ের ওপেন স্কুলের অধ্যাপক ড. মোহাম্মদ জাফর আহাম্মদ, কম্পিউটার বিভাগের পরিচালক মোঃ মাসুম বিল্লাহ, পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত) মোঃ হাবিবুল্যাহ মাহামুদ, উপাচার্যের একান্ত সচিব ও যুগ্ম-পরিচালক মোঃ আশরাফুল ইসলাম, সিস্টেম এনালিস্ট উৎপল কুমার ঘোষসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

মোঃ খালেকুজ্জামান খান
পরিচালক (ভারপ্রাপ্ত)

Main Campus: Gazipur-1705, Bangladesh, Phone: +88 02 996691119, IP: +88 09666730730, Ex. 777
e-mail: iprd@bou.ac.bd, Website: www.bou.ac.bd